




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর  
ভূমি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(ভবন নং-৪, ৫ম তলা)  
www.coa-revenue.gov.bd



বিষয় : ফেব্রুয়ারি/২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি - জনাব মোঃ মশিউর রহমান  
হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)  
ভূমি মন্ত্রণালয়।  
তারিখ - ২৮/০২/২০২১ খ্রিঃ।  
সময় - বেলা ১০-০০ টা।  
স্থান - ৭১, পুরানা পল্টন, ঢাকা।

২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে কুশল বিনিময়ের মাধ্যমে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট), জনাব মাহফুজা আহমেদ-কে আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট) বিগত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় দৃঢ়করণ করা হয়।

৩। সভাপতি জানুয়ারি/২০২১ মাস পর্যন্ত অডিট আপত্তি ও নিষ্পত্তির ফলাফল সম্পর্কে জানতে চাইলে সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট) বিভাগওয়ারী নির্ধারিত ছকে উহা উপস্থাপন করেন যা নিম্নরূপ :

নং	বিভাগের নাম	পূর্ববর্তী মাস পর্যন্ত অডিট আপত্তির সংখ্যা	বর্তমান মাসে প্রাপ্ত অডিট আপত্তির সংখ্যা	মোট অডিট আপত্তির সংখ্যা	পূর্ববর্তী মাস পর্যন্ত নিষ্পত্তির সংখ্যা (জুলাই, ২০ হতে)	বর্তমান মাসে নিষ্পত্তির সংখ্যা	বর্তমান মাস পর্যন্ত মোট নিষ্পত্তির সংখ্যা (জুলাই, ২০ হতে)	পূর্ববর্তী মাস পর্যন্ত নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সাথে জড়িত টাকার পরিমাণ	বর্তমান মাসে নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সাথে জড়িত টাকার পরিমাণ	বর্তমান মাস পর্যন্ত নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সাথে জড়িত মোট টাকার পরিমাণ	অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা	অনিষ্পত্তিকৃত অডিট আপত্তির সাথে জড়িত টাকার পরিমাণ (ছেহরুপ ও রাজস্ব ক্ষতি)
১	২	৩	৪	(৩+৪) = ৫	৬	৭	(৬+৭) = ৮	৯	১০	(৯+১০) = ১১	(৫-৭) = ১২	১৩
১	ঢাকা	৩৮০	৬	৩৮৬	১৬০	৪	১৬৪	৩৪,৪৭,৬৪৭/-	১,৪৭,৯২৭/-	৩৫,৯৫,৫৭৪/-	৩৮২	১,৬৩,৫৭,৯৮৭/-
২	ময়মনসিংহ	১৪৪	২	১৪৬	৬	২	৮	৫০,০৫৩/-	১৭,৬৫৩/-	৬৭,৭০৬/-	১৪৪	৭,৫৭,৮৪৪/-
৩	চট্টগ্রাম	১১৭	১১	১২৮	৮৮	২১	১০৯	৫,২৩,৫৫৬/-	২,৭৭,১৪৩/-	৮,০০,৬৯৯/-	১০৭	১৪,৮০,৯৫৮/-
৪	সিলেট	৩৫	৫	৪০	১৩০	১০	১৪০	৩,২১,৫৪১/-	৪৭,৯৭৫/-	৩,৬৯,৫১৬/-	৩০	২,২৯,৬৬০/-
৫	রাজশাহী	১২১	১	১২২	২৮	৪	৩২	৩,৯৩,৫৫২/-	৪৩,২৪৬/-	৪,৩৬,৭৯৮/-	১১৮	৬১,০৬,৯৩৫/-
৬	রংপুর	১৫৩	৪	১৫৭	৬৪	-	৬৪	৮,০৭,৮২৩/-	-	৮,০৭,৮২৩/-	১৫৭	৭১,৭৭,৭৩১/-
৭	বরিশাল	২২৯	২	২৩১	৩০	২	৩২	২,৮২,৬৮৫/-	২,৫৫৩/-	২,৮৫,২৩৮/-	২২৯	২৬,৭২,৯২২/-
৮	খুলনা	১৪০	৪	১৪৪	৩৯	৬	৪৫	৬,৭৯,৬৪৩/-	১,৩৫,৪৮৬/-	৮,১৫,১২৯/-	১৩৮	২০,৮০,৩০০/-
৯	সদর দপ্তর	৮২২	২৪	৮৪৬	২৪৭	২৩	২৭০	৩,৪২,৯৪,৯৫৪/-	২,৪৭,৩৬২/-	৩,৪৫,৪২,৩১৬	৮২৩	১৮১,১২,০৩,৯২৪/-
সর্বমোট =		২১৪১	৫৯	২২০০	৭৯২	৭২	৮৬৪	৪,০৭,৯১,৪৫৪/-	৮,১৯,৩৪৫/-	৪,১৬,১০,৭৯৯/-	২১২৮	১৮৪,৮০,৬৮,২৬১/-

৪। সভাপতি বলেন ময়মনসিংহ, রাজশাহী, বরিশাল ও খুলনা বিভাগীয় সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণ জানুয়ারি/২০২১ মাসে যথাক্রমে ২, ৪, ২ ও ৬টি অডিট আপত্তি নিষ্পত্তি করেছেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী নিষ্পত্তির লক্ষ্যমাত্রা ৩৫% নির্ধারিত আছে। তাই উক্ত লক্ষ্যমাত্রা অর্জনে নিষ্পত্তির কার্যক্রম উত্তোরোত্তর বৃদ্ধি করা প্রয়োজন। জানুয়ারি/২০২১ মাসে রংপুর বিভাগে অডিট আপত্তি নিষ্পত্তি না হওয়ার কারণ জানতে চাইলে সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), রংপুর বিভাগ, রংপুর, জনাব নাহিদা আলম সন্তোষজনক কোন জবাব দিতে পারেননি। সভাপতি এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনে তাকে সতর্ক করেন।

৫। জানুয়ারি/২০২১ মাস পর্যন্ত বিভাগওয়ারী নিরীক্ষণযোগ্য অফিস, নিরীক্ষিত অফিস, দাখিলযোগ্য নিরীক্ষা প্রতিবেদন ও দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদনের বিষয়ে সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট) নিম্নরূপ তথ্যাদি উপস্থাপন করেন।

নং	বিভাগের নাম	নিরীক্ষিত সন	নিরীক্ষণযোগ্য অফিস	জানুয়ারি/২০২১ মাস পর্যন্ত নিরীক্ষিত অফিস	দাখিলযোগ্য প্রতিবেদনের সংখ্যা	দাখিলকৃত প্রতিবেদনের সংখ্যা
১	ঢাকা বিভাগ	২০১৯-২০২০ খ্রিঃ	১০৪৮	৬৩৭	১১৯	৬৫
২	ময়মনসিংহ বিভাগ	২০১৯-২০২০ খ্রিঃ	৪৪৪	২৯৩	৪৩	২৭
৩	চট্টগ্রাম বিভাগ	২০১৯-২০২০ খ্রিঃ	৮৭২	৫৮৮	১২৮	১১৪
৪	সিলেট বিভাগ	২০১৯-২০২০ খ্রিঃ	২৬৯	১৪৭	৫০	৪৭
৫	রাজশাহী বিভাগ	২০১৯-২০২০ খ্রিঃ	৬৭৯	৪০৫	৮৫	৭৭
৬	রংপুর বিভাগ	২০১৯-২০২০ খ্রিঃ	৭৮৫	৪৪৫	৭৬	৫২
৭	বরিশাল বিভাগ	২০১৯-২০২০ খ্রিঃ	৪১৬	২৬৭	৫৬	৩৮
৮	খুলনা বিভাগ	২০১৯-২০২০ খ্রিঃ	৬৫৭	৪১১	৮০	৭৪
সর্বমোট =			৫১৭০	৩১৯৩	৬৩৭	৪৯৪

(চলমান পাতা/০২)

৬। সভাপতি বলেন বিভাগওয়ারী দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদনের বিবরণী মর্মে দেখা যায়, ঢাকা বিভাগের হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) গণ ১১৯টি অডিট রিপোর্টের মধ্যে জানুয়ারি/২০২১ পর্যন্ত মাত্র ৬৫টি রিপোর্ট দাখিল করেছেন। এ বিষয়ে সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ঢাকা বিভাগ, ঢাকার বক্তব্য আহবান করলে তিনি বলেন, মানিকগঞ্জ, টাঙ্গাইল, ফরিদপুর ইতোমধ্যে তাদের নিকট প্রাপ্য সকল অডিট রিপোর্ট দাখিল করেছেন। ফলে ফেব্রুয়ারি/২০২১ মাসের নিরীক্ষা প্রতিবেদনে অডিট রিপোর্টের সংখ্যা বৃদ্ধি পাবে। সভাপতি ভোলা জেলার দাখিলযোগ্য অডিট রিপোর্টের সংখ্যা ৮টি কিন্তু অদ্যাবধি ১টি রিপোর্টও সংশ্লিষ্ট হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) দাখিল না করার বিষয়ে জানতে চাইলে, সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), বরিশাল বিভাগ, বরিশাল বলেন একাধিকবার বলা সত্যেও হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব), জনাব নাছির উদ্দিন তার নিকট প্রাপ্য কোন অডিট রিপোর্ট দাখিল করেননি। সভাপতি বলেন ১ম ও ২য় ত্রৈমাসিকে নিরীক্ষিত অফিসসমূহের সকল অডিট রিপোর্ট ২০/০৩/২০২১ এবং ৩য় ত্রৈমাসিকে নিরীক্ষিত অফিসসমূহের সকল অডিট রিপোর্ট ০৫/০৪/২০২১ তারিখের মধ্যে দাখিল করবেন। উক্ত ৩টি ত্রৈমাসিকের রিপোর্ট দাখিল না করা পর্যন্ত ৪র্থ ত্রৈমাসিকের নিরীক্ষা কার্যক্রম স্থগিত থাকবে। এই মর্মে হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব), ভোলা-কে পত্র দেয়ার নির্দেশনা প্রদান করেন।

৭। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

- (১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী নিষ্পত্তির লক্ষ্যমাত্রা ৩৫% অর্জনের লক্ষ্যে সকল সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণ অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম ত্বরান্বিতকরণ ;
- (২) হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব), ভোলা ১ম ও ২য় ত্রৈমাসিকে নিরীক্ষিত অফিসসমূহের সকল অডিট রিপোর্ট ২০/০৩/২০২১ এবং ৩য় ত্রৈমাসিকে নিরীক্ষিত অফিসসমূহের সকল অডিট রিপোর্ট ০৫/০৪/২০২১ তারিখের মধ্যে দাখিল ;
- (৩) হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব), ভোলা ১ম, ২য় ও ৩য় ত্রৈমাসিকে নিরীক্ষাকৃত অফিসসমূহের অডিট রিপোর্ট দাখিল না করা পর্যন্ত ৪র্থ ত্রৈমাসিকের কার্যসূচি অনুযায়ী নিরীক্ষা কার্যক্রম স্থগিত থাকবে।

৮। অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মশিউর রহমান)

হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)(চঃদাঃ)

E-mail : coa\_revenue@yhoo.com

ফোন # ৯৫৪০১১৯।

স্মারক নং -৩১.০৫.০০০০.৭৯২.০৬.০৬৮.১২.২৮/১(৮৭)

তারিখঃ ০১/০৩/২০২১খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
- ৪। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৫। পরিচালক, ভূমি প্রশাসন ও প্রশিক্ষন কেন্দ্র, ৩/এ, নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা।
- ৬। সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) (সকল) .....
- ৭। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) (সকল) .....
- ৮। অফিস কপি।

(মাহফুজা আহমেদ)

সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট)

E-mail: acaudit65@gmail.com

ফোন # ৪৭১১৭৬৭৭।